

সাংসদ তহবিল আনুকূল্যে প্রশিক্ষণ কেন্দ্র

রবিবার নপাড়া বিবেকানন্দ সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি আয়োজন করে ছাত্র-ছাত্রীদের জন্য কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র এবং ওয়েবসাইটের উদ্বোধনী অনুষ্ঠান। সাংসদ সৌগত রায়ের সাংসদ তহবিলের টাকায় এই কম্পিউটার সেন্টারটি তৈরি হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক তাপস রায়, অভিনেতা নিমু ভৌমিক, বরাহনগর পুরসভার ১৭ নং ওয়ার্ডের কাউন্সিলর অঞ্জন পাল, বরাহনগর পুরসভার চেয়ারম্যান অপর্ণা মৌলিক এবং ভাইস চেয়ারম্যান রামকৃষ্ণ পাল, বরাহনগর থানার আইসি প্রমুখ। এই সংস্থাটি শিশুদের শীতবস্ত্র দেওয়ার পাশাপাশি স্বামী বিবেকানন্দের একটি করে ফটো সংশ্লিষ্ট অতিথিদের দেয়। সংস্থার সম্পাদক রাজু সোম এদিন ছাত্রদের উদ্দেশ্যে মূল্যবান বক্তব্য রাখেন।



অনুষ্ঠানে উপস্থিত সাংসদ সৌগত রায় ও বিধায়ক তাপস রায় সহ অন্যান্যরা।

প্রয়াগ

মঙ্গলবার, ২০ নভেম্বর ২০১২

